

# মুগ্ধাত্মক

## বরিশালে এইচএসি পরীক্ষার দুই কেন্দ্র স্থগিত

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বরিশাল ব্যুরো

বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতায় ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার দুটি কেন্দ্র স্থগিত করা হয়েছে। স্থগিত হওয়া কেন্দ্র দুটি হল- বরিশাল ইসলামিয়া কলেজ ও আবদুর রব সেরনিয়াবাত কলেজ। শনিবার বরিশাল বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনোয়ারুল আজিম স্বাক্ষরিত নোটিশ সূত্রে জানা গেছে, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধে আগামী ২ এপ্রিল শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় বরিশাল ইসলামিয়া কলেজ ও আবদুর রব সেরনিয়াবাত কলেজ কেন্দ্র স্থগিত করা হয়েছে। আর বরিশাল ইসলামিয়া কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা অসৃত লাল দে মহাবিদ্যালয় কেন্দ্রে এবং আবদুর রব সেরনিয়াবাত কলেজ কেন্দ্রের পরীক্ষার্থী বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৮১৯২১১-৫, রিপোর্টিং : ৮৮১৯২২৮, বিজ্ঞাপন : ৮৮১৯২১৬, ফ্যাক্স : ৮৮১৯২১৭, সার্কুলেশন : ৮৮১৯২২৯। ফ্যাক্স : ৮৮১৯২১৮, ৮৮১৯২১৯, ৮৮১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।